# স্নাতকোত্তর পাঠক্রম ( P. G.)

**শিক্ষাবর্ষান্ত পরীক্ষা** ( Term End Examination ) :

**ডিসেম্বর, ২০১৪ / জুন, ২০১৫**

## বাংলা ( Bengali )

**ষষ্ঠ পত্র ( 6th Paper : Natok O Natyamancha )**

**সময় ঃ চার ঘণ্টা** **পূর্ণমান ঃ ১০০**

( মানের গুরুত্ব ঃ ৮০% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) ঃ

১৮ × ২ = ৩৬

(ক) সাতুবাবু কে ? তাঁর বাড়ির নাট্যশালার বিষয়ে তথ্যসমৃদ্ধ আলোচনা করুন।

(খ) কীভাবে ধনীগৃহ থেকে থিয়েটার সাধারণ বাঙালির কাছে পৌঁছল ?

(গ) যে সব থিয়েটার প্রথম যুগে বাঙালির নাট্যতৃষ্ণা মিটিয়েছে সেগুলির পরিচয় দিন।

(ঘ) প্রহসন হিসেবে 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' কতটা সার্থক ?

 [ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) মালিনী নাটকের ধর্মদ্বন্দ্বের স্বরূপটি ব্যাখ্যা করুন।

(খ) 'সাজাহান' নাটকটিকে 'ঐতিহাসিক' আখ্যা দেওয়া যায় কি ?

(গ) পঞ্চাশের মন্বন্তরই কি 'ছেঁড়াতারে'র একমাত্র বর্ণিতব্য বিষয় ? আখ্যান বিচার করে অভিমত দিন।

(ঘ) 'তপস্বী ও তরঙ্গিনী'র কাহিনি রবীন্দ্রনাথও তাঁর কবিতায় এনেছেন। রামায়ণের এই কাহিনি দুই সৃজনশীল প্রতিভাকে কেন আকৃষ্ট করেছে বলে আপনার মনে হয় ?

(ঙ) 'চাঁদ বণিকের পালা' নাটকে সনকা ও বেহুলা কি দুই বিপরীত আদর্শের প্রতীক ? আলোচনা করুন।

(চ) 'অঙ্গার' নাটকের চরিত্রগুলি বিশ্লেষণ করে তাদের শ্রেণী-চরিত্র পরিস্ফুট করুন।

৩। যে-কোনো **চারটি** বিষয় সম্বন্ধে আলোচনা করুন ঃ

৭ × ৪ = ২৮

(ক) স্টার থিয়েটারের যাত্রাপথটির পরিচয় দিন।

(খ) হানিফ ও ফতেমা চরিত্রদুটি উপস্থাপনে নাট্যকারের কৃতিত্ব বিচার করুন।

(গ) মালিনী কী কাব্যনাট্য ? নাট্যকাব্য ও কাব্যনাট্যের মধ্যে পার্থক্য কোথায় ?

(ঘ) সাজাহান নাটকে ঔরংজীবই কি সবথেকে সজীব চরিত্র ? আলোচনা করুন।

(ঙ) বিশেষ সময়ের পটে লেখা হলেও 'গল্প হেকিমসাহেব' কীভাবে শাশ্বতকালকে স্পর্শ করেছে আলোচনা করুন।

(চ) সংলাপ নির্মাণে উৎপল দত্তের বৈশিষ্ট্যগুলি 'অঙ্গার' নাটকে কীভাবে প্রকাশ পেয়েছে আলোচনা করুন।

(ছ) পতিতা তরঙ্গিনীর উত্তরণ বুদ্ধদেব বসু কীভাবে দেখিয়েছেন 'তপস্বী ও তরঙ্গিনী' অবলম্বনে তার পরিচয় দিন।